আজকের কাগজ

তারিখ ··· 24 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৩

## এক্ষেত্রেও বৈষম্য?

এখন সারাদেশে চলছে এইচএসসি পরীক্ষা। বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজগুলোতে পরীক্ষার কেন্দ্র হয়ে পড়ায় কলেজগুলোর স্বাভাবিক কার্যক্রম মাসাধিককাল যাবত বন্ধ রয়েছে। প্রায় সকল কলেজের ক্ষেত্রে এ রূপটি ঘটছে। কিন্তু কয়েকটি বিশেষ কলেজ আছে যেখানে এইচএসসি পরীক্ষার কেন্দ্র স্থাপিত হবার অনুকূল অবস্থা রয়েছে তা সত্ত্বেও যেসব কলেজে এইচএসসি পরীক্ষায় কোনো সিট পড়েনা। এই কলেজগুলোর মধ্যে গতবার ঢাকা বোর্ডে রেকর্ড সৃষ্টিকারী ফলাফল করেছে এমন একটি কলেজও রয়েছে। এছাড়া ক্যাডেট কলেজগুলোতেও পরীক্ষার কেন্দ্র পড়ছে না। ফলে তারা নিয়মিত ক্লাস পাচ্ছে, ক্লাস টেষ্ট দিচ্ছে। অনেক বেসরকারি কলেজে পরীক্ষা নেয়ার অনুকূল অবস্থা থাকা সত্ত্বেও সেখানে পরীক্ষার সীট ফেলা হয় না অথচ তাদের ওপর পরীক্ষা গ্রহণের দায়িত্ব অর্পণ শিক্ষা বোর্ডের নিছক পক্ষপাতিত্ব ছাড়া আর কতটুকু যথার্থ তা শিক্ষিত জনগণই বিচার করবেন। এ ধরনের পক্ষপাত কিংবা বৈষম্যকে প্রশ্রয় দেয়া আমার মতে ঠিক নয়। সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কি এক্ষেত্রে কোনো ভূমিকা নেই? তারাই যদি শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বৈষম্যের দেয়াল রচনা করেন তবে আমার আর বলার কিছু নেই, জাতিই তার বিচারক।

**মিঠুল**
*এ/এ, বা.কৃ.বি.আ/এলাকা*
*ময়মনসিংহ-২২০২*